# এইচ এস সি ২০১৮ এর মডেল প্রশ্ন (সকল বোর্ডের জন্য)

ইসলাম শিক্ষা দ্বিতীয় পত্র

বিষয় কোড: ২৫০

সৃজনশীল প্রশ্ন

সময় — ২ ঘণ্টা ৩০ মিনিট

মান — ৭০

*[দ্রষ্টব্য : দক্ষিণ পার্শ্বস্থ সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। প্রদত্ত উদ্দীপকগুলো মনোযোগ দিয়ে পড় এবং সংশ্লিষ্ট প্রশ্নগুলোর যথাযথ উত্তর দাও। মোট সাতটি প্রশ্নের উত্তর দাও।]*

**১.** ▶ মাইশা ও মালিহা দুই বান্ধবী একসাথে আলোচনা করছে। মাইশা বলল আল্লাহর অসংখ্য নিয়ামত ভোগ করার পরও ইসরাইল জাতি আল্লাহর অবাধ্যতা করতে থাকে। আল্লাহ তাদের 'তিহ' প্রান্তরে অবস্থানের নির্দেশ দেন। সেখানে প্রচণ্ড রোদের তাপ থাকায় আল্লাহ তাদের মেঘমালায় ছায়াদান করেন। মরুভূমিতে খাবারের কষ্ট থাকায় আল্লাহ তাদের আসমান থেকে বেহেশতি খাবার প্রদান করেন। মালিহা বলল, আল্লাহর নিষেধ থাকা সত্ত্বেও তারা খাদ্য জমা করে এবং অবাধ্যতা প্রদর্শন করে।

ক. বাকারাহ শব্দের অর্থ কী। ১

খ. কুরআনকে সর্বশ্রেষ্ঠ সাহিত্য বলা হয় কেন? ব্যাখ্যা কর। ২

গ. বেহেশতি খাবার বলতে মাইশা কোন খাদ্যের প্রতি ইঙ্গিত করেছে? ব্যাখ্যা দাও। ৩

ঘ. মালিহার বক্তব্যের আলোকে ইসরাইলিদের বেহেশতি খাবার বন্ধ হবার কারণ মূল্যায়ন কর। ৪

**২.** ▶ রিয়াদ একজন মেধাবী ছাত্র। তার এলাকায় বিশৃঙ্খলা সৃষ্টিকারীদের বিরুদ্ধে প্রতিবাদ করায় সম্প্রতি কয়েকজন সন্ত্রাসী তাকে তুলে নিয়ে যায়। কলেজের শিক্ষক ও শিক্ষার্থীদের চাপের মুখে সন্ত্রাসীদের আটক করা হলেও কয়েকদিন পর তারা জামিনে মুক্তি পায়। প্রভাষক আমজাদ স্যার একদিন শ্রেণি কক্ষে এ সম্পর্কে আলোচনা করতে গিয়ে বলেন, আজ যারা বিশৃঙ্খলা সৃষ্টিকারী, তারা সাধুর তালিকায় রয়েছে। অথচ তারাই সন্ত্রাসীদের মদদদাতা। যুব সমাজকে নৈতিক অবক্ষয় থেকে বাঁচাতে তাদের শাস্তি নিশ্চিত করতে হবে। অতঃপর তিনি সূরা বাকারার ১১ নং আয়াত পাঠ করেন।
"তোমরা পৃথিবীতে বিশৃঙ্খলা সৃষ্টি করোনা, তখন তারা বলে, নিশ্চয়ই আমরা শান্তি স্থাপনকারী"।

ক. মাদানী সূরা কাকে বলে? ১

খ. 'আল-কুরআন একটি পূর্ণাঙ্গ জীবন বিধান' বুঝিয়ে লিখ। ২

গ. উদ্দীপকের আলোকে রিয়াদের কাজের যৌক্তিকতা বিশ্লেষণ কর। ৩

ঘ. প্রভাষক আমজাদ স্যারের বক্তব্যের সাথে কি তুমি একমত? তোমার মতের পক্ষে যুক্তি উপস্থাপন কর। ৪

**৩.** ▶ জনাব আকবর সর্বদা নিজেকে লা-ইলা-হা ইল্লাল্লাহু যিকিরে নিয়োজিত রাখেন। অন্যদিকে জনাব আশরাফ চলাফেরার সময় রাস্তায় বা পথে ঘাটে সৃষ্টজীবকে কষ্ট দেয় এরূপ বস্তু যেমন পথের কনা, কলার খোসা ইত্যাদি দেখতে পেলে এগুলো ফেলে দেন। প্রতিবেশি আজিজ সাহেব তার কর্মকাণ্ড দেখে বললেন, প্রকৃত মু'মিনের দায়িত্ব হলো, মহান আল্লাহর হক আদায়ের সাথে সাথে মানুষ বা সৃষ্টজীবের হক আদায় করা।

ক. কোন শতাব্দীকে হাদিস সংকলনের স্বর্ণযুগ বলা হয়। ১

খ. সৎ ব্যবসায়ীরা কিয়ামতের দিন শহীদদের সাথে থাকবেন কেন? ২

গ. জনাব আকবরের কাজ গুলো ঈমানের কোন শাখার অন্তর্ভুক্ত? ব্যাখ্যা দাও। ৩

ঘ. আজিজ সাহেবের বক্তব্যের যৌক্তিকতা সংশ্লিষ্ট হাদিসের আলোকে নিরূপণ কর। ৪

**৪.** ▶ জনাব রায়হান নিয়মিত সালাত আদায় করেন। দান খয়রাতে তিনি গ্রামে সুপরিচিত। কিন্তু অবৈধ পথে উপার্জন করেন। সবাই জানে তিনি একটি শিল্প কারখানার মালিক। প্রকৃতপক্ষে তার আয়ের প্রধান উৎস মাদক ব্যবসা ও চোরা কারবার। তিনি সীমান্ত পথে হেরোইন ও ইয়াবাসহ নানা প্রকার মাদকদ্রব্য অবৈধভাবে আমদানি করেন এবং সারাদেশে মাদক ব্যবসায়ীদের কাছে তা সরবরাহ করেন।

teachingbd.com

ক. মিথ্যা কাকে বলে? ১
খ. মুনাফিকের চিহ্ন কয়টি ও কী কী? ২
গ. জনাব রায়হান সাহেবের পরকালের শাস্তি কীরূপ হবে? সংশ্লিষ্ট হাদিসের আলোকে ব্যাখ্যা কর। ৩
ঘ. জনাব রায়হানের ইবাদত কবুল হবে কি? হাদিসের আলোকে তোমার মতামত দাও। ৪

৫.▶ মুস্তাকিম ও মুনতাসির ইজমা সম্পর্কে আলোচনা করতে গিয়ে নবোদ্ভাবিত একটি সমস্যার সম্মুখীন হয়। মুস্তাকিম বলল, ব্যাপারটি ভালোভাবে বিশ্লেষণ করে আমরাই সিদ্ধান্ত নিতে পারি। জবাবে মুনতাসির বলল, শরিআতের বিধানের সিদ্ধান্ত নিতে কতিপয় নিয়মনীতি অবলম্বন করতে হয়। আর এটা যে কেউ করতে পারে না।
ক. ইজমা শব্দের অর্থ কী? ১
খ. কর্মমূলক ইজমার পদ্ধতি কয়টি ও কী কী? ২
গ. মুস্তাকিম ও মুনতাসিরের মধ্যে আলোচিত বিষয়ে তুমি কোন নীতি অবলম্বন করবে। ব্যাখ্যা কর। ৩
ঘ. "উদ্ভূদ সমস্যা সমাধান যে কেউ করতে পারে না"। উক্তিটির আলোকে ইজমাকারীর যোগ্যতা কী হতে পারে? ব্যাখ্যা কর। ৪

৬.▶ ইমাম সাহেব রমজান মাসের এক খুতবায় বললেন, রমজান মাসে জামাআতে তারাবিহের সালাত আদায় করার বিধান আগে ছিল না। মহানবি (স) এর ওফাতের পর হযরত উমর (রা) এর যুগে ইজমার মাধ্যমে জামাআতে তারাবিহের সালাত আদায়ের সিদ্ধান্ত হয়। এ ক্ষেত্রে সকল সাহাবির ঐকমত্যের ভিত্তিতে এই সিদ্ধান্তে উপনীত হয়েছিলেন।
ক. রুকন কী? ১
খ. মৌনতামূলক ইজমা বলতে কী বোঝায়? ২
গ. ইমাম সাহেব ইজমার কোন রুকনটির প্রতি ইঙ্গিত করেছেন? ব্যাখ্যা কর। ৩
ঘ. ইজমার স্তর বিবেচনায় উদ্দীপকে উল্লিখিত ইজমার গুরুত্ব বিশ্লেষণ কর। ৪

৭.▶ একটি ইসলামিক সেমিনারে শরীফ সাহেব বললেন, মহাগ্রন্থ আল-কুরআন ও হাদিসে সুস্পষ্ট ভাবে মদপান হারাম করা হয়েছে। কিন্তু আধুনিক যুগে কোকেন, হেরোইন, গাঁজা, ফেনসিডিল ইত্যাদিকেও ইসলামে হারাম ঘোষণা করা হয়েছে। অথচ পবিত্র কুরআন, হাদিস এবং ইজমার কোথাও এ বিষয়ে কিছু বলা হয়নি। উত্তরে সেমিনারের সভাপতি বললেন, এগুলো এমন এক নীতির মাধ্যমে হারাম করা হয়েছে যা ছিল রাসূল (স) এর নিকট অত্যন্ত পছন্দনীয়। আর উক্তনীতি বাস্তবায়িত হবে কুরআন ও হাদিসের ভিত্তিতে।
ক. মহানবি (স) কাকে ইয়েমেনের শাসক নিযুক্ত করেন? ১
খ. অতএব, হে দৃষ্টিশক্তি সম্পন্ন ব্যক্তিরা, তোমরা শিক্ষা গ্রহণ কর। ব্যাখ্যা কর। ২
গ. মহানবি (স) এর নিকট অত্যন্ত পছন্দনীয় নীতি বলতে সভাপতী সাহেব কোন নীতির প্রতি ইঙ্গিত করেছেন? ব্যাখ্যা কর। ৩
ঘ. উক্ত নীতি কিসের ভিত্তিতে বাস্তবায়িত হবে? বিশ্লেষণ কর। ৪

৮.▶ জমির ও কলিম দুজন দ্বাদশ শ্রেণির ছাত্র। তারা ফিকহ শাস্ত্রের প্রয়োজনীয়তা কী তা নিয়ে আলোচনা করছিল। আলোচনার এক পর্যায়ে জমির বলল, ইসলামকে জানার ও মানার জন্য আল কুরআন ও আল হাদিসই যথেষ্ট। কলিম এর সাথে ফিকহশাস্ত্রটি যোগ করল। জমির বলল, ফিকহশাস্ত্রের কোন প্রয়োজন নেই। এটি বিদআত। কারণ রাসূল

http://teachingbd.com

(স) এর সময় এটি ছিল না। কলিম বলল, এটি বিদআত নয়। বরং রাসূল (স) এর যুগে এটি প্রচলন ছিল। শুধু পরবর্তীতে এটি গ্রন্থাকারে লিপিবদ্ধ হয়।

ক. ফিকহ এর অভিধানিক অর্থ লেখ। ১
খ. মাযহাব কাকে বলে? ২
গ. কলিম এর শেষ উক্তিটিতে কোন বিষয়টি প্রকাশ পেয়েছে? ব্যাখ্যা কর। ৩
ঘ. দ্বাদশ শ্রেণির দু'জন ছাত্রের মধ্যে তুমি কার বক্তব্যকে সমর্থন করবে। মতামত ব্যাখ্যা কর। ৪

৯.▶ গার্মেন্টিস শিল্পের বড় ব্যবসায়ী আসিব সাহব। সম্পদশালী হওয়া সত্ত্বেও তার মধ্যে কোনো অহংকার নেই। তিনি তার এলাকার মসজিদে পাঁচ ওয়াক্ত সালাত জামাআতের সাথে আদায় করেন। মহল্লার অনেকের সাথে তিনি যোগাযোগ করেন, খোঁজ খবর নেন। এভাবে মহল্লার সব শ্রেণির মানুষের সাথে তার সুসম্পর্ক গড়ে ওঠেছে। মহল্লার কারও কোনো সমস্যা হলে তিনি তা সমাধানের জন্য ছুটে যান।

ক. হাক্কুল ইবাদ কী? ১
খ. হজ্জ কাকে বলে? ২
গ. উদ্দীপকে কোন সালাতের গুরুত্বের প্রতিফলন ঘটেছে। পবিত্র কুরআন ও হাদিসের আলোকে ব্যাখ্যা কর। ৩
ঘ. আসিফ সাহেবের এরূপ কর্মকাণ্ড ইসলামের দৃষ্টিতে কীরূপ? ব্যাখ্যা কর। ৪

১০.▶ ইসলামের মৌলিক ইবাদত গুলোর কোন একটি পালন না করলে মুসলিম দাবি করা যায় না। জনাব হাসান নিজেকে মুসলিম দাবি করলেও রমজানের সাওম পালন করেন না। তিনি বলেন, আমি ক্ষুধা সহ্য করতে পারি না। তাই তিনি সাওম পালনে অস্বীকৃতি জানান। মসজিদের ইমাম সাহেব শুনে বললেন, সাওম আমাদের আত্মশুদ্ধি অর্জনে সহায়তা করে। রিয়া তথা প্রদর্শনেচ্ছা থেকে বিরত রাখে। নিষিদ্ধ কাজ বর্জনে দৃঢ় প্রতিজ্ঞা করে। মৌলিক ইবাদতগুলো কেবল আনুষ্ঠানিকতা নয়, বরং আল্লাহর প্রেম অর্জনের সোপান।

ক. হযরত আবু বকর (রা) কাদের বিরুদ্ধে জিহাদ ঘোষণা করেছিলেন? ১
খ. মৌলিক ইবাদত বলতে কী বুঝায়? ২
গ. উদ্দীপকের আলোকে জনাব হাসনের এরূপ অস্বীকৃতি ইসলামের কীরূপ? ব্যাখ্যা কর। ৩
ঘ. মসজিদের ইমাম সাহেবের এরূপ মন্তব্য কতটুকু শরিয়ত সম্মত? যুক্তি দাও। ৪

১১.▶ নাহিদ বিশ্ববিদ্যালয়ে অধ্যয়নরত হোস্টেলে থেকেই পড়াশুনা করছে। ঈদ শেষে ঢাকা ফিরছে, পথিমধ্যে তার বাস ডাকাত কবলিত হয়। ডাকাতরা যাত্রীদের সবকিছু লুটে নেয়। তার কাছে কিছু আছে কিনা জিজ্ঞাসা করতেই জবাবে বলল, আমার পরীক্ষা ফি ও অন্যান্য খরচ বাবদ দশ হাজার টাকা আছে। তিনি লুকানো টাকাগুলো দেখিয়ে বলল নাও। ডাকাত দল বলল তুমি না বললে পারতে। নাহিদ বলল আমার মা আদেশ করেছেন মিথ্যা না বলার জন্য। ডাকাত দল মুগ্ধ হয়ে টাকা ফেরত দিল।

ক. আত্মশুদ্ধি অর্জনের সোপান কী? ১
খ. আহলে সুফফা কারা? ২
গ. নাহিদের সত্যবাদিতার এরূপ দৃষ্টান্ত কোন মহান ব্যক্তির জীবনের সাথে মিলে যায়? ব্যাখ্যা কর। ৩
ঘ. সৎ আদর্শবান মানুষ হিসেবে নাহিদ ও উক্ত মহান ব্যক্তি আমাদের জন্য অনুকরণীয় আদর্শ বর্ণনা কর। ৪

http://teachingbd.com

সময় — ৩০ মিনিট

## বহুনির্বাচনি অভীক্ষা

পূর্ণমান — ৩০

*বিশেষ দ্রষ্টব্য: — সরবরাহকৃত বহুনির্বাচনি অভীক্ষার উত্তরপত্রে প্রশ্নের ক্রমিক নম্বরের বিপরীতে প্রদত্ত বর্ণসম্বলিত বৃত্তসমূহ হতে সঠিক/সর্বোৎকৃষ্ট উত্তরের বৃত্তটি (●) বল পয়েন্ট কলম দ্বারা সম্পূর্ণ ভরাট কর। প্রতিটি প্রশ্নের মান ১।*

**১. হাদিসে ফরজের পরে ফরজ বলা হয়েছে কোন ইবাদতকে?**
ক) সালাত আদায় করা   খ) জাকাত দেয়া
গ) হালাল উপার্জন   ঘ) রমজানের সাওম

**২. অপ্রয়োজনে ঋণ করা ঠিক নয়। কারণ এতে —**
i. দুঃশ্চিন্তা বাড়ে
ii. সম্মানহানি হয়
iii. ইমান দুর্বল হয়ে পড়ে
**নিচের কোনটি সঠিক?**
ক) i ও ii   খ) i ও iii
গ) ii ও iii   ঘ) i, ii ও iii

**৩. ইজমা প্রদানকারীকে কোনটি থেকে বিরত থাকতে হবে?**
ক) কুরআনের অনুসরণ
খ) খেয়াল খুশির অনুসরণ
গ) হাদিসের অনুসরণ
ঘ) গবেষণালব্ধ সিদ্ধান্তের

**৪. রুখসাত শব্দের অর্থ কী?**
ক) ঐচ্ছিক   খ) আবশ্যিক
গ) মজবুত   ঘ) একমত হওয়া

**নিচের অনুচ্ছেদটি পড়ো এবং ৫ ও ৬ নং প্রশ্নের উত্তর দাও:**
আধ্যাত্মিক নেতা আব্দুল কাইয়্যুম জনতাকে উদ্দেশ্য করে বললেন, কখনই অন্যের মুখাপেক্ষী হবে না, তাহলে স্রষ্টা আপনার অভাব দূর করে দিবেন।

**৫. আব্দুল কাইয়্যুমের বক্তব্য কার বাণীর শিক্ষা রয়েছে?**
ক) হযরত ঈসা (আ) এর
খ) হযতর মুহাম্মদ (স) এর
গ) হযরত মুসা (আ) এর
ঘ) হযরত আদম (আ) এর

**৬. উক্ত ব্যক্তির বক্তব্যের তাৎপর্য হলো —**
i. অন্যের সাহায্যে চাওয়া অনুচিত
ii. যিনি সচ্ছলতা চান আল্লাহ তাকে সচ্ছলতা দেন
iii. দান গ্রহণের চেয়ে দান করা উত্তম
**নিচের কোনটি সঠিক?**
ক) i ও ii   খ) i ও iii
গ) ii ও iii   ঘ) i, ii ও iii

**৭. কিয়াসকে শরিআতের উৎস হিসেবে অস্বীকারকরী সম্প্রদায় হচ্ছে —**
i. আহলে জাওয়াহির   ii. শিয়া সম্প্রদায়
iii. খারিজি সম্প্রদায়
**নিচের কোনটি সঠিক?**
ক) i ও ii   খ) i ও iii
গ) ii ও iii   ঘ) i, ii ও iii

**৮. যার উপর কিয়াস করা হয়, তাকে কী বলে?**
ক) আছল   খ) ফারা
গ) ইল্লত   ঘ) হুকুম

**৯. কোন যুগে কিয়াসের উৎপত্তি ঘটে?**
ক) মহানবি (স) এর যুগে
খ) রাসুল (স) এর আবির্ভাবের পূর্বে
গ) সাহাবিদের যুগে
ঘ) বর্তমান যুগে

**১০. কোন যুগে সাহাবিদের কিয়াস প্রয়োগের উজ্জ্বল দৃষ্টান্ত লক্ষ করা যায়?**
ক) জাহেলি যুগে   খ) সাহাবিদের যুগে
গ) হাশেমি যুগে   ঘ) উমাইয়া যুগে

**১১. ফিকহশাস্ত্রের উদ্দেশ্য কী?**
ক) আল্লাহর আইনের অনুশীলন
খ) ফকিহবিদদের আইনের অনুশীলন
গ) রাষ্ট্রীয় আইনের অনুশীলন
ঘ) ধর্মীয় আইনের অনুশীলন

**১২. ইবাদত যথাযথ ও নিষ্ঠাপূর্ণ হয় কীভাবে?**
ক) বিজ্ঞান চর্চার মাধ্যমে
খ) দর্শন চর্চার মাধ্যমে
গ) ফিকহ চর্চার মাধ্যমে
ঘ) সাহিত্য চর্চার মাধ্যমে

**১৩. মৌলিক ইবাদতের নির্দেশ এসেছে কোথায়?**
ক) কুরআন হাদিসে   খ) ফিকহশাস্ত্রে
গ) তাফসিরে   ঘ) আইনশাস্ত্রে

**১৪. কোন ইমাম ইসতিসালাহ বা জনকল্যাণনীতিকে শরিয়তের পঞ্চম উৎস হিসেবে গণ্য করতেন?**
ক) ইমাম আবু হানিফা (রহ.)
খ) ইমাম শাফিঈ (রহ.)
গ) ইমাম আহমদ (রহ.)
ঘ) ইমাম মালিক (রহ.)

**১৫. আর্থিক ও শারীরিক ইবাদত কোনটি?**
ক) সালাত   খ) হজ
গ) জাকাত   ঘ) সাওম

Teachingbd.com

১৬. জনাব আব্দুল গাফফার প্রতি বছর তার সম্পদের হিসাব করে সঠিকভাবে যাকাত আদায় করেন। এর মাধ্যমে তিনি ইসলামের কোন বিধানটি পালন করেছেন?
ক) ফরয  খ) ওয়াজিব
গ) নফল  ঘ) সুন্নাত

১৭. ফিকির অর্থ কী?
ক) উৎসর্গ করা
খ) দ্বীনের গভীর জ্ঞান
গ) চিন্তা-গবেষণা  ঘ) অনুশোচনা

১৮. দেহ ও অন্তর পবিত্র করার সাধনাকে তাসাউফ বলে কথাটি কে বলেছেন?
ক) জুনায়েদ বাদদাদী  খ) আল-কুশায়রী
গ) ইমাম গাযযালী  ঘ) যুনযুন মিসরী

১৯. তাসাউফের উৎপত্তি বিষয়ে পাশ্চাত্য ও প্রাচ্যের চিন্তাবিদগণ প্রধানত কয়টি মতবাদ পোষণ করেছেন?
ক) ১টি  খ) ২টি
গ) ৩টি  ঘ) ৪টি

২০. কোন ব্যক্তির ইবাদত বেশি গ্রহণীয়?
ক) তাকওয়াবান  খ) শিক্ষিত
গ) সম্পদশালী  ঘ) সম্মানিত

২১. কোন সাহাবি কুরআন গ্রন্থাকারে সংকলনের দায়িত্বপ্রাপ্ত হন?
ক) উবাই ইবন কা'ব (রা)
খ) যায়েদ ইবন সাবিত (রা)
গ) আব্দুল্লাহ ইবন সাদ'র (রা)
ঘ) যুবায়ের ইবন আওয়াম (রা)

২২. তাওহিদ, রিসালাত ও আখিরাত সম্পর্কে জানার জন্য নিচের কোনটি অধ্যয়ন করতে হয়?
ক) মাদানি সূরা
খ) মাক্কি সূরা
গ) ফিকহশাস্ত্র
ঘ) কানুন ফিততিব

২৩. কুরআন তিলাওয়াত একজন ব্যক্তিকে —
i. নৈতিক গুণাবলিতে ভূষিত করে
ii. মানবিক গুণাবলিতে ভূষিত করে
iii. আধ্যাত্মিক গুণাবলি অর্জনে সাহায্য করে
নিচের কোনটি সঠিক?
ক) i ও ii  খ) i ও iii
গ) ii ও iii  ঘ) i, ii ও iii

নিচের অনুচ্ছেদটি পড়ো এবং ২৪ ও ২৫ নং প্রশ্নের উত্তর দাও:

আব্দুল্লাহ শহরে ছোট্ট একটা চাকরি করে। সে গ্রামে তার মায়ের কাছে টাকা পাঠাবে। এমতাবস্থায় তার প্রতিবেশি নাফি বলে আমি বাড়ি যাচ্ছি। তোমার টাকা আমি পৌঁছে দিব। এই কথা বলে টাকা নিয়ে গেলেও পৌঁছায়নি।

২৪. নাফি'র এরূপ আচরণ কার আচরণের সাথে সাদৃশ্যপূর্ণ?
ক) কাফির  খ) মুনাফিক
গ) মুশরিক  ঘ) ফাসিক

২৫. পবিত্র কুরআনের আলোকে নাফি'র এই পরিণতি হবে যে, সে হেদায়াতের বিষয়ে —
i. অন্ধ থাকবেন
ii. বোবা থাকবেন
iii. বধির থাকবেন
নিচের কোনটি সঠিক?
ক) i ও ii  খ) ii ও iii
গ) i ও iii  ঘ) i, ii ও iii

২৬. লাইলাতুল কদরে সম্পূর্ণ কুরআন একসঙ্গে কোথায় অবতীর্ণ হয়?
ক) লাওহে মাহফুজে
খ) বায়তুল ইযযাতে
গ) বায়তুল মামুরে
ঘ) বায়তুল্লাহ

২৭. সুন্নাহ শব্দের অর্থ কী?
ক) রীতিনীতি  খ) বিশেষ নীতি
গ) কার্যপ্রণালি  ঘ) পদ্ধতি

২৮. হাদিসের মূল বক্তব্যকে কী বলা হয়?
ক) মতন  খ) সনদ
গ) রাবি  ঘ) বর্ণনা

২৯. সর্বাধিক হাদিস বর্ণনাকারী সাহাবি কে ছিলেন?
ক) হযরত আয়েশা (রা)
খ) ইবনে আব্বাস (রা)
গ) আবু হুরায়রা (রা)  ঘ) আনাস (রা)

৩০. সিহাহ সিত্তাহর অন্তর্গত হাদিস গ্রন্থ কয়টি?
ক) পাঁচটি  খ) ছয়টি
গ) সাতটি  ঘ) আটটি

| | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| ১ | গ | ২ | ক | ৩ | খ | ৪ | ক | ৫ | খ | ৬ | ক | ৭ | ঘ | ৮ | ক | ৯ | ক | ১০ | খ | ১১ | ক | ১২ | গ | ১৩ | ক | ১৪ | ঘ | ১৫ | খ |
| ১৬ | ক | ১৭ | গ | ১৮ | খ | ১৯ | ঘ | ২০ | ক | ২১ | খ | ২২ | খ | ২৩ | ঘ | ২৪ | খ | ২৫ | ঘ | ২৬ | খ | ২৭ | ঘ | ২৮ | ক | ২৯ | গ | ৩০ | খ |

teachingbd.com
http://teachingbd.com